

9-APR-2023  
১০ ২ ০ ৩

## এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রে অসঙ্গতি ॥ শাস্তি পায় না কেউ

রেজানুর রহমান । বোর্ডের পরীক্ষায় প্রশ্নপত্রে তুল-ত্রুটির জন্য কঠোর কোন শাস্তির বিধান নেই। ফলে প্রায় প্রতিবছর প্রশ্নপত্রে তুল-ত্রুটি থেকেই যাসে। গত বছর এসএসসি পরীক্ষায় সকল শিক্ষা বোর্ডে ১১টি প্রশ্নপত্রে অসঙ্গতি ও মারাত্মক ত্রুটি ধরা পড়েছিল। এজন্য পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদেরকে দুর্ভোগ পোহাতে হয়েছে। টেনশনে অনেকে জাশানুর প পরীক্ষা দিতে পারেনি। অথচ এ ব্যাপারে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা-কর্মচারীকেই জবাবদিহি করতে হয়নি। বরং বিভিন্ন উপায়ে বিষয়টি খামোচা পা দেয়ার চেষ্টা করা হয়েছে। গতকাল মঙ্গলবার ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি ইসলাম শিক্ষা পরীক্ষায় প্রশ্নপত্রের নৈর্ব্যক্তিক (১৯শ পৃঃ ২-এর কঃ ৫ঃ)

### প্রশ্নপত্রে অসঙ্গতি

(শেষ পৃঃ পর)

অংশে ত্রুটি ধরা পড়লে পরীক্ষার্থীদের মধ্যে টেনশন দেখা দেয়। নৈর্ব্যক্তিক অংশে মোট ৫০টি প্রশ্নের মধ্যে ২২ নম্বরের পর ২৩ নম্বর ছাপা হয়েছে পরপর দু'বার। ২৬ নম্বর প্রশ্ন ছাপা হয়নি। প্রশ্নপত্র হাতে পেয়ে পরীক্ষার্থীরা সিদ্ধান্তহীনতায় ভুগতে থাকে। বিভিন্ন কেবে পরীক্ষকদেরকে প্রশ্ন করেও পরীক্ষার্থীরা সন্তোষজনক জবাব পায়নি। এ ব্যাপারে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করা হলে ঘটনার সত্যতা স্বীকার করে তিনি বলেন, এজন্য পরীক্ষায় কোন সমস্যা হয়নি। তবে কোথাও কোন সমস্যা হয়ে থাকলে পরীক্ষার্থীরা অবশ্যই সুবিচার পাবে।

প্রশ্নপত্রে ত্রুটি ধরা পড়লেই সংশ্লিষ্ট বোর্ড কখনই দায়িত্ব স্বীকার করে না। গতকাল ইসলাম শিক্ষা পরীক্ষার প্রশ্নপত্রে ত্রুটির ব্যাপারে প্রশ্ন করতেই নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকা বোর্ডের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, এ কথা আমাদের ক্ষিণে করে লাভ নেই। কারণ আমরা পরীক্ষার দিন ছুড়া জানতে পারি না প্রশ্নপত্রে কি দেখা আছে। উল্লেখ্য, বিজ্ঞি প্রেস থেকে বোর্ডের প্রশ্নপত্র প্রকাশ করা হয়ে থাকে।